আজকের কাগজ

তারিখ 03 NOV 1992
পৃষ্ঠা 2 কলাম 4

114

# ইডেন কলেজ অধ্যক্ষার অপসারণ দাবিতে স্মারকলিপি পেশ

**কাগজ প্রতিবেদক :** ইডেন মহিলা কলেজের অধ্যক্ষার অপসারণের দাবিতে গতকাল সোমবার ইডেন কলেজের ছাত্রীরা শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেছে। স্মারকলিপি পেশ করার আগে ছাত্রীরা জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ করে। সমাবেশে ছাত্রলীগ (মু-ই) সভাপতি মঈনউদ্দিন হাসান চৌধুরীসহ ছাত্রলীগ -এর অন্যান্য নেতাদের মধ্যে বক্তব্য রাখেন গাজী মেজবাহউল ইসলাম, শফিকুল আলম, আখতার হোসেন, জিন্নাত আরা রোজী, খালেদা আখতার, রুহুল কুদ্দুস, হোসনে আরা হাসু, নাসরিন মেরী প্রমুখ। সভানেত্রীত্ব করেন রোজী আখতার।

ছাত্রলীগ সভাপতি মঈনউদ্দিন হাসান চৌধুরী অবিলম্বে ইডেন কলেজের প্রগতিশীল সকল ছাত্র সংগঠনের নেতারাসহ সকল ছাত্রীদের নিরাপত্তাসহ কলেজ ক্যাম্পাসে অবস্থান নিশ্চিত করার জন্যে দাবি জানান। তিনি অবিলম্বে সকল ছাত্রীদের নিজ নিজ ছাত্রী নিবাসে নিরাপদে উঠার ব্যবস্থা করার জন্যেও দাবি করেন।